# কৃষি ও সেচ প্রকল্প বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ ও সভাপতি, আদিতমারী, লালমনিরহাট।
স্থান ঃ প্রশাসক, উপজেলা পরিষদ-এর অফিস কক্ষ
তারিখ ঃ ৩০/০৭/২০২৫ খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ টা।

পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-

| ক্রমিক নং | নাম ও পদবী | উপাধী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান, দুর্গাপুর ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | চেয়ারম্যান, কমলাবাড়ি ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | চেয়ারম্যান, ভাদাই ইউনিয়ন পরিষদ, আদিতমারী, লালমনিরহাট | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | উপজেলা কৃষি অফিসার, আদিতমারী, লালমনিরহাট | সদস্য-সচিব | স্বাক্ষরিত |

আলোচ্য সুচিঃ

৩. উপজেলার সার্বিক কৃষি পরিস্থিতি
৪. অন্যান্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। সংশ্লিষ্ট সদস্য সচিবগণ শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | উপজেলার সার্বিক কৃষি পরিস্থিতি | উপজেলা কৃষি অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, রোপাআমন ধান রোপন কাজ সমাপ্ত হয়েছে। চলতি রোপা আমন মৌসুমে ১৩৭০০ হেক্টর আবাদি জমির মধ্যে ৭৪৬ হেক্টর রোপাআমন ধান অর্জিত হয়েছে। বন্যা পরবর্তীর রোপআমন ধানের আবাদ বৃদ্ধির জন্য রোপা আমন ধানের চারা উপজেলা পরিষদ হতে বরাদ্দ পাওয়ায় পরবর্তীতে ২১ জন কৃষকের নিকট বিতরণ করা হয়েছে। চলতি খরিপ-১ মৌসুমে বিভিন্ন শাকসবজি ১০৮০ হেক্টর এবং ভূট্টা ২২৫০ হেক্টর, চিনাবাদাম ৩০০ হেক্টর, তিল-১৬ হেক্টর, মুগ-২ হেক্টর, মরিচ-১৫০ হেক্টর, আদা-৮৮ হেক্টর, হলুদ-১৩০, কাউন-১০ হেক্টর, অড়হর-৩ হেক্টর, কলা-২০ হেক্টর, তরমুজ-৫ হেক্টর আবাদ হয়েছে। বর্তমানে ইউরিয়া সার ৬৮০.৫০ মেঃটন, টিএসপি ৫৯.২৫ মেঃটন, এমওপি ২৮৮.১০ মেঃটন ও ডিএপি ২৬১.৫০ মেঃটন মজুদ আছে। রাসায়নিক সার ও কীটনাশক মজুদ সন্তোষজনক। চলতি মাসে বিভিন্ন কীটনাশকের দোকান পরিদর্শন করে মেয়াদ উত্তীন কীটনাশক ধংশ করার জন্য জব্দ করা হয়েছে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল ও সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার আদিতমারী। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৭/২৫
(বিধান কান্তি হালদার)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
সভাপতি
কৃষি ও সেচ প্রকল্প বিষয়ক উপজেলা কমিটি
আদিতমারী, লালমনিরহাট।

CS CamScanner

[illegible] [illegible]

[illegible]

১। [illegible]

২। [illegible] ______________ [illegible]

৩। [illegible] ______________ [illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]